

## বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

এসএসসি পরীক্ষা ২০২১ এর

দ্বিতীয় প্রস্তুতিমূলক মূল্যায়ন

বিষয় : ফিন্যান্স এন্ড ব্যাংকিং

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

### ক- বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)-৩০

- ১। দুইটি অমুনাফাভোগী প্রতিষ্ঠানের নাম লেখ।
- ২। কোম্পানী সংগঠন মূলত কিসের মাধ্যমে প্রয়োজনীয় তহবিল সংগ্রহ করে?
- ৩। কোন অর্থায়নে আয় অপেক্ষা ব্যয় বেশি হয়?
- ৪। কারা যৌথমূলধনী কোম্পানির মালিক?
- ৫। বাণিজ্য ঘাটতি পূরণে বিশেষ ভূমিকা রাখে-
- ৬। রেমিটেন্স কী?
- ৭। আসলের উপর সুদ গণনা করা হলে তাকে কী বলে?
- ৮। অর্থের সময়মূল্যের মূল কারণ কী?
- ৯। বর্তমান মূল্য নির্ণয় করার প্রক্রিয়াকে কী বলে?
- ১০। প্রকৃত সুদের হারকে কী দ্বারা প্রকাশ করা হয়?
- ১১। কোন ক্ষেত্রে আসল সবসময় স্থির থাকে?
- ১২। দায় পরিশোধের অক্ষমতা থেকে কোন ধরনের ঝুঁকি সৃষ্টি হয়?
- ১৩। সুদ হার বাড়লে বন্ড, ডিবেঞ্চার ইত্যাদির বাজারমূল্য কী হয়?
- ১৪। ব্যাংকে রাখা মেয়াদী আমানত কী ধরনের আয়?
- ১৫। কোম্পানি কর্তৃক ইস্যুকৃত শেয়ার কোন ধরনের আয়?
- ১৬। আদর্শ বিচ্যুতির বড় মান কী নির্দেশ করে?
- ১৭। নিট মুনাফার সাথে অবচয় যোগ করলে কী পাওয়া যায়?
- ১৮। ব্যবসায়ের সফলতা ও ব্যর্থতা কিসের উপর নির্ভর করে?
- ১৯। পে-ব্যাংক সময় পদ্ধতিতে কোনটি বিবেচনা করা হয় না?
- ২০। পণ্য বৈচিত্র্যায়ন কাকে বলে?
- ২১। বিনিয়োগ মূল্যায়নের সনাতন পদ্ধতি কোনটি?

- ২২। বিনিময়ের মাধ্যম হিসেবে এবং মুদ্রার বিকল্প হিসেবে কাজ করে কোনটি?
- ২৩। নগদ অর্থ ছাড়াই গ্রাহক কিসের মাধ্যমে পণ্য ক্রয় করতে পারে?
- ২৪। চেইন ব্যাংকের মূখ্য উদ্দেশ্য কী?
- ২৫। বাংলাদেশে বেসরকারি ব্যাংক হিসেবে সর্বপ্রথম কখন ইসলামী ব্যাংক প্রতিষ্ঠিত হয়?
- ২৬। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কোন ধরনের ব্যাংক?
- ২৭। ব্যাংক কোন ধরনের আমানতের উপর সুদ প্রদান করে?
- ২৮। বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী?
- ২৯। বাণিজ্যিক ব্যাংকের তহবিল সংগ্রহের ক্ষেত্রে আমানত কোন ধরনের উৎস?
- ৩০। জনকল্যাণ বাণিজ্যিক ব্যাংকের কী ধরনের উদ্দেশ্য?

### খ-বিভাগ- সৃজনশীল - ৭০

(প্রতি প্রশ্নের মান : ক+ খ+ গ+ঘ=১+২+৩+৪= ১০)

১।

ধরন	'ক' প্রতিষ্ঠান	'খ' প্রতিষ্ঠান
সদস্যসংখ্যা	১ জন	অজানা
গঠন	সহজ	কঠিন ও আইনি প্রক্রিয়া
মুনাফা	একক	শেয়ার মালিক

- ক. কৃষি ব্যাংক কোন ধরনের আর্থিক প্রতিষ্ঠান?
- খ. লভ্যাংশ সমতাকরণ তহবিল কী? ব্যাখ্যা কর।
- গ. 'ক' প্রতিষ্ঠানটি বেশি জনপ্রিয় কেন? ব্যাখ্যা কর।
- ঘ. 'খ' প্রতিষ্ঠানটির অর্থায়ন প্রক্রিয়া ভিন্ন ধরনের উজ্জিটির যথার্থতা মূল্যায়ন কর।
- ২। জনাব আশালতা একটি প্রকল্পে ২,০০,০০০ টাকা বিনিয়োগ করতে চান। এক্ষেত্রে সুযোগ ব্যয় ১১%। প্রকল্পের অন্যান্য তথ্য নিম্নরূপ:

আশা	৩ বছর শেষে প্রাপ্ত হবে ২,৮৫,০০০ টাকা।
ভরসা	৯ বছর শেষে প্রাপ্ত হবে ৫,৪০,০০০ টাকা।
প্রত্যাশা	২০ বছর শেষে প্রাপ্ত হবে ১৬,০০,০০০ টাকা।

- ক. সুযোগ ব্যয় কাকে বলে?
- খ. বাট্টাকরণ প্রক্রিয়া বলতে কী বোঝ? ব্যাখ্যা কর।

- গ. 'আশা' ও 'ভরসা' প্রকল্পের বর্তমান মূল্য কত?
- ঘ. কোন প্রকল্পটি অধিক লাভজনক -বিশ্লেষণ কর।
- ৩। জনাব সাজিদ সেজান জুস কোম্পানি নামে একটি প্রকল্পে বিনিয়োগ করেন। বিনিয়োগ থেকে তার গত ৫ বছরের আয়ের হার যথাক্রমে ১৫%, ১০%, - ৫%, ২৩% এবং ২৭%। তিনি এই প্রকল্পটি যাচাইয়ের জন্য আদর্শ বিচ্যুতি নির্ণয় করবেন।
- ক. ব্যবসায়িক ঝুঁকি কী?
- খ. ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড থেকে প্রাপ্ত আয়কে ঝুঁকিমুক্ত আয় বলা হয় কেন?
- গ. জনাব সাজিদ আদর্শ বিচ্যুতি কিভাবে নির্ণয় করবেন?
- ঘ. প্রকল্পটি জনাব সাজিদের জন্য গ্রহণ করা কী যুক্তিযুক্ত হবে? তোমার মতামত দাও।
- ৪। মিতালি ফুড প্রোডাক্টস ১.৫ কোটি টাকার স্থায়ী ব্যয়ে ৬ বছর মেয়াদি একটি খাদ্য প্রক্রিয়াকরণ প্রকল্প বাস্তবায়ন করেছে। উক্ত প্রকল্পের বিগত বছরগুলোর করপরবর্তী মুনাফা নিম্নরূপ:

বিবরণ	সালভিত্তিক টাকার (লক্ষ) পরিমাণ					
	২০১৩	২০১৪	২০১৫	২০১৬	২০১৭	২০১৮
করপরবর্তী নিট মুনাফা/ ক্ষতি	-১০	৫	২০	৩০	২৫	১০

- ক. মূলধন বাজেটিং কী?
- খ. গড় মুনাফার হার পদ্ধতি ব্যাখ্যা কর।
- গ. মিতালি ফুড প্রোডাক্টস এর গড় মুনাফার হার নির্ণয় কর।
- ঘ. মিতালি ফুড প্রোডাক্টস এর পে-ব্যাক সময় নির্ণয় কর।
- ৫। ওয়ালটন লি. ৩ বছর মেয়াদি প্রকল্পের প্রাথমিক বিনিয়োগ ১০ লক্ষ টাকা। বিক্রয় বাবদ আয় যথাক্রমে ৬ লক্ষ, ৫ লক্ষ এবং ৬ লক্ষ টাকা। যার চলতি খরচ বিক্রয়ের ২০%, স্থায়ী খরচ ২ লক্ষ টাকা, করহার ৩০% এবং অবচয় ২০,০০০ টাকা।
- ক. নগদ আন্তঃপ্রবাহ কী?
- খ. মূলধন বাজেটিং অনুমাননির্ভর কেন? ব্যাখ্যা কর।
- গ. প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় কর।
- ঘ. প্রকল্পটির পে-ব্যাক সময় নির্ণয় কর।

- ৬। যমুনা ব্যাংক গত বছর এসএসসি পাস দরিদ্র ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করেছে। এছাড়াও বিভিন্ন ধরনের নতুন নতুন সেবা প্রদানের মাধ্যমে তারা ব্যাংকিং কাজকে সহজ করেছে।
- ক. সর্বনিম্ন কত সময়ের জন্য মেয়াদী আমানত করা যায়?
- খ. স্কুল ব্যাংকিং কী? ব্যাখ্যা কর।
- গ. বৃত্তি প্রদানের মাধ্যমে যমুনা ব্যাংক মালিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রেক্ষাপটে কোন উদ্দেশ্য পালন করেছে? ব্যাখ্যা কর।
- ঘ. গ্রাহকদের জন্য যমুনা ব্যাংক কীভাবে ব্যাংকিং সেবা সহজ করে দিয়েছে বলে তুমি মনে কর?
- ৭। জনাব মামুন ৫০,০০০ টাকা দিয়ে একটি ল্যাপটপ ক্রয় করে আশা ব্যাংকের একটি চেকে মূল্য পরিশোধ করে। তার বন্ধু মাসুম উক্ত ব্যাংক থেকে ১৩% সুদে ৪ লক্ষ টাকা ঋণ গ্রহণ করে।
- ক. ঝুঁকির পরিমাণ কমানো যায় কেন?
- খ. "মুদ্রা ছাড়া ব্যাংক অচল"-উক্তিটি ব্যাখ্যা কর।
- গ. জনাব মাসুমের প্রদত্ত ব্যবস্থা আশা ব্যাংকের আয়ের কোন উৎসকে নির্দেশ করে? ব্যাখ্যা কর।
- ঘ. আশা ব্যাংকের জনাব মামুনকে প্রদত্ত সুবিধা সরকারের নোট প্রচলনের কাজকে সহজ করে দেয় -তুমি কী এর সাথে একমত? যুক্তি দাও।

-----